ভোরের কাগজ
তারিখ ... OCT 31 1999 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ২

5

# রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ভর্তি তথ্য

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ১৯৯৯-২০০০ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ অনার্স শ্রেণীতে ভর্তি প্রক্রিয়া আগামী ডিসেম্বর '৯৯-এর প্রথম দিক থেকেই শুরু হবে বলে জানা গেছে। অন্যান্যবারের মতো এবারো বিভাগ ভিত্তিক ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। রাজশাহী বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষ সম্মান শ্রেণীতে ভর্তির সুযোগ পাবে ৩ হাজার ১১৮ জন শিক্ষার্থী। এর মধ্যে খেলোয়াড় ৪০ জন, শিল্পী ২৮ জন, মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা ১০ জন এবং উপজাতিদের জন্য ১০টি আসন সংরক্ষিত রয়েছে।

ভর্তির যোগ্যতা


১৯৯৮ ও ১৯৯৯ সালে উচ্চ মাধ্যমিক বা সমমানের (আলিম, ডিপ্লোমা-ইন-কমার্স, বিএফএ-প্রাক) পরীক্ষায় যেসব ছাত্রছাত্রী উত্তীর্ণ হয়েছে কেবলমাত্র তারাই অনুষদভিত্তিক নিম্নেবর্ণিত শর্ত সাপেক্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের যেকোনো পরীক্ষায় তৃতীয় বিভাগ থাকলে ভর্তির জন্য আবেদন করা যাবে না।

বিজ্ঞান অনুষদ

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক এবং সমমানের উভয় পরীক্ষায় ৫০% নম্বরসহ সর্বমোট ন্যূনতম ১১০০ নম্বর পেতে হবে। বিজ্ঞান অনুষদের বিষয়সমূহ ও ভর্তি পরীক্ষার বিবরণ নিম্নে দেওয়া হলো :

পদার্থবিজ্ঞান : আসন ৯০টি। ভর্তিচ্ছু প্রার্থীদের উচ্চ মাধ্যমিক পর্যায়ে অবশ্যই পদার্থবিজ্ঞান, রসায়ন শাস্ত্র ও গণিত থাকতে হবে এবং গণিতে পাস নম্বর ও পদার্থবিজ্ঞানে ৪৫% নম্বর থাকতে হবে। প্রশ্নের মানবন্টন : পদার্থবিজ্ঞান ৫০, গণিত ২০ ও ইংরেজি ১০। মোট ৮০।

ফলিত পদার্থবিজ্ঞান ও ইলেকট্রনিক্স : আসন ৫০টি। ভর্তিচ্ছুদের উচ্চ মাধ্যমিক পর্যায়ে পদার্থবিদ্যা; রসায়ন ও গণিত অবশ্যই থাকতে হবে। গণিত চতুর্থ বিষয় হলে আলাদাভাবে পাস নম্বর থাকতে হবে। প্রশ্নের মানবন্টন : পদার্থবিদ্যা ৫০ ও গণিতে ৩০ নম্বর। মোট ৮০ নম্বর।



রসায়ন : আসন ৭০টি। ভর্তিচ্ছুদের উচ্চ মাধ্যমিক পর্যায়ে গণিত বিষয় থাকতে হবে। গণিত চতুর্থ বিষয় হলে কমপক্ষে ৩০% নম্বর থাকতে হবে। গণিত চতুর্থ বিষয় হলে কমপক্ষে ৩০% নম্বর পেতে হবে। ভর্তি পরীক্ষার ক্ষেত্রে শুধুমাত্র রসায়ন বিষয়েই ৮০ নম্বরের প্রশ্ন থাকবে। লিখিত পরীক্ষায় নির্বাচিতদের পরবর্তী সময়ে সাক্ষাৎকার গ্রহণ করা হবে।

ফলিত রসায়ন ও রাসায়নিক প্রযুক্তিবিদ্যা : আসন ৭০টি। ভর্তিচ্ছুকদের উচ্চ মাধ্যমিক পর্যায়ে রসায়নসহ পদার্থ বিজ্ঞান, ও গণিত বিষয় থাকতে হবে। পদার্থবিজ্ঞান ও গণিত চতুর্থ বিষয় হলে ন্যূনতম পাস নম্বর থাকতে হবে। প্রশ্নের মান বন্টন : ভৌত রসায়ন ২০, অজৈব রসায়ন ২০, জৈব রসায়ন ২০, গণিত ১৫ ও ইংরেজি ০৫। মোট ৮০ নম্বর।

প্রাণরসায়ন : আসন ৪০টি। ভর্তিচ্ছুদের উচ্চ মাধ্যমিক পর্যায়ে রসায়ন ছাড়াও পদার্থবিজ্ঞান; গণিত ও জীববিদ্যা বা উভয়ের যেকোনো একটি বিষয় থাকতে হবে। প্রশ্নের মানবন্টন : রসায়ন ৩৫; পদার্থ বিজ্ঞান ১০; বায়োলজি ১০; গণিত ১০; সাধারণ জ্ঞান ও ভাষা (বাংলা ও ইংরেজি) ১৫। প্রার্থীকে ভর্তি পরীক্ষায় রসায়ন বিষয়ে ন্যূনতম ৪০% নম্বর পেতে হবে।

ফার্মেসি : আসন- ২০টি। ভর্তিচ্ছু প্রার্থীদের উচ্চ মাধ্যমিক পর্যায়ে রসায়ন, পদার্থ বিদ্যা; জীব বিদ্যা ও গণিত থাকতে হবে। গণিত চতুর্থ বিষয় হলে ৩৩% নম্বর পেতে হবে। প্রশ্নের মান বন্টন : জীববিদ্যা ৩০; রসায়ন ৩০; গণিত ২০। ভর্তি পরীক্ষায় জীববিদ্যা ও রসায়নে আলাদাভাবে কমপক্ষে ১২ করে পেতে হবে। ইংরেজি মাধ্যমে ভর্তি পরীক্ষা দিলে সাদা কাগজে দরখাস্ত করতে হবে।

গণিত: আসন ১৫০টি। ভর্তিচ্ছুদের শুধুমাত্র গণিত বিষয়ে ৮০ নম্বরের লিখিত পরীক্ষা দিতে হবে। পাস নম্বর ২৫।

পরিসংখ্যান: আসন ১০০টি। ভর্তিচ্ছুদের উচ্চ মাধ্যমিক পর্যায়ে পরিসংখ্যান/ গণিতে ৪৫% নম্বর থাকতে হবে। ৮০ নম্বরের লিখিত পরীক্ষায় প্রার্থীকে ইংরেজি ও পরিসংখ্যানের অথবা ইংরেজি ও গণিতের উত্তর দিতে হবে। আবশ্যিক ইংরেজি বিষয়ে ইংরেজি থেকে বাংলায় অনুবাদে ১০; বাকি ৭০ নম্বর গণিত/পরিসংখ্যানে।

কম্পিউটার সায়েন্স: আসন-২০টি। ভর্তিচ্ছু প্রার্থীদের সংশ্লিষ্ট বিষয়সমূহ ও প্রশ্নের মান বন্টন : পদার্থ বিজ্ঞান ৩০, গণিত ৩০; ইংরেজি ১০; সাধারণ জ্ঞান ১০ (Emphasionon-Computer Fandamentals)। পরীক্ষার হলে ক্যালকুলেটর ব্যবহার করা যাবে।

পপুলেশন সায়েন্স এন্ড হিউম্যান রিসোর্স ডেভলপমেন্ট: আসন ২৫টি। ভর্তিচ্ছু প্রার্থীদের উচ্চ মাধ্যমিক পর্যায়ে গণিতে কমপক্ষে ৪০% নম্বর থাকতে হবে। সব শাখার ছাত্রছাত্রীদের গণিত ও ইংরেজি বিষয়ে পরীক্ষা দিতে হবে। উচ্চ মাধ্যমিক সিলেবাস অনুসারে গণিতে ৬০ নম্বর ও ইংরেজিতে ২০ নম্বর (Translation, Retranslation and Paragraph writing)। ভর্তি পরীক্ষায় ইংরেজিতে কমপক্ষে ৬ পেতে হবে।

❑ জাকির হোসেন

চলবে